



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
অধিশাখা-১২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.most.gov.bd

নম্বর: ৩৯.০০.০০০০.০১২.০২.০১০.২৪.৭৩

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩১
১৩ মে ২০২৪

বিজ্ঞপ্তি

[প্রযুক্তি উন্নয়নের মাধ্যমে উৎপাদন ক্ষেত্রে সময়, শ্রম ও ব্যয় সাশ্রয়, নতুন পণ্য ও নতুন উৎপাদন কৌশল আবিষ্কার]

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থবছরে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।


২০২৪-২০২৫ অর্থবছরে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদানের জন্য অনুমোদিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা প্রকল্প পরিচালনাকারী শিক্ষক/গবেষকগণ জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টিবিদ্যা/এপ্লাইড সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ফিজিক্যাল সায়েন্স/এগ্রিকালচার এবং এনভায়রনমেন্ট-এর আওতাভুক্ত বিষয়সমূহে গবেষকগণের নিকট হতে অনলাইনে (<https://grant.most.gov.bd/en/services/most/grants-application-r-and-d-project>) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

২। শর্তাবলি:

- (১) আবেদনকারীকে সংশ্লিষ্ট নীতিমালায় উল্লিখিত শর্ত ও নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে (নীতিমালা মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.most.gov.bd এ পাওয়া যাবে)।
- (২) অনলাইনে আবেদন করার পূর্বে উপরের লিংকের ওয়েব পেজ থেকে প্রথমে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম (আইডিএসডিপি)-এ নিবন্ধিত হতে হবে। নিবন্ধিত হওয়ার পর প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদানের জন্য আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ করার সময় আবেদনকারীর সাম্প্রতিক সময়ে তোলা ছবি, জাতীয় পরিচয়পত্রের (NID/SMART CARD) স্ক্যান কপিসহ চাহিত সকল তথ্য/দলিলাদি সংযুক্ত/আপলোড করতে হবে।
- (৩) অনুমোদিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা প্রকল্প পরিচালনাকারী শিক্ষক/গবেষকগণ তাঁদের গবেষণা প্রকল্পের জন্য আবেদন করবেন। এ বিজ্ঞাপন প্রকাশের দিন থেকে **আগামী ৩০ জুন ২০২৪ তারিখ রাত ১২.০০ পর্যন্ত** আবেদন সাবমিটের জন্য লিংক সক্রিয় থাকবে।
- (৪) একজন আবেদনকারী কেবলমাত্র ০১ (এক)টি প্রকল্প দাখিল করতে পারবেন।
- (৫) প্রকল্প হতে হবে এক বছরে বাস্তবায়নযোগ্য।
- (৬) নির্ধারিত ৪টি গ্রুপ যথা- (১) জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টিবিদ্যা (২) এপ্লাইড সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৩) ফিজিক্যাল সায়েন্স ও (৪) এগ্রিকালচার এবং এনভায়রনমেন্ট বিষয়ক প্রকল্প দাখিল করা যাবে।
- (৭) আবেদনকারীর সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতকোত্তর।
- (৮) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রদেয় ২০২৪-২০২৫ অর্থবছরের অন্য কোন অনুদান গ্রহণ করা যাবে না।
- (৯) শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত গবেষকগণ অগ্রাধিকার পাবেন। ছাত্রছাত্রীগণের আবেদন গ্রহণ করা হবেনা।

- (১০) সরকারি প্রতিষ্ঠানের গবেষকগণ তাদের প্রতিষ্ঠান হতে দেয়া পূর্বানুমতিপত্রসহ আবেদন করবেন। বেসরকারি প্রতিষ্ঠানের গবেষকগণ তাদের প্রতিষ্ঠানের প্যাডে সুপারিশপত্র, ওয়েবসাইট, ই-মেইল ও প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানাসহ আবেদন করবেন।
 - (১১) চূড়ান্তভাবে নির্বাচিত গবেষকগণ ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নির্ধারিত বাক্য সম্বলিত অঞ্জীকারনামা মন্ত্রণালয়ে দাখিল করবেন। অঞ্জীকারনামা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।
 - (১২) গবেষণা প্রকল্প প্রস্তাবের একটি কপি {সর্বোচ্চ ০৩ (তিন) পাতা} আবেদনপত্রের সাথে সংযুক্ত/আপলোড করতে হবে। প্রস্তাবের তিনটি কপি সাক্ষাৎকারকালে বোর্ডে দাখিল করতে হবে।
 - (১৩) প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিকভাবে বাছাইয়ের পর মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তালিকা প্রকাশ করা হবে এবং উক্ত তালিকা অনুযায়ী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের তারিখ ও স্থান যথাসময়ে SMS এর মাধ্যমে জানানো হবে।
- ৩। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আবেদনের সময়সীমা ও শর্তাবলি পরিবর্তন বা প্রয়োজনে নতুন শর্ত আরোপ করার অধিকার সংরক্ষণ করে।

(আবেদন সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে সংশ্লিষ্ট (<https://support.most.gov.bd/en/login>) সাইটে পোস্ট করুন অথবা সাপোর্ট নম্বরে (+880 1713-157012, +880 1796-244480) যোগাযোগ করুন।


২৬/০৫/২৪
(রতন কুমার মন্ডল)
উপসচিব
ফোনঃ ৯৫১৫৪৩৩
E-mail: section12@most.gov.bd